# পাথওয়ে হোম সম্পর্কে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

1. **"পাথওয়ে হোম" কি?**
   পাথওয়ে হোম হল একটি সিটি প্রোগ্রাম, যা বাচ্চা সহ যে পরিবারগুলি বা ব্যক্তিরা আশ্রয় শিবিরে কমপক্ষে 90 দিন কাটিয়েছে **অথবা** CITYFEPS বা SEPS এর রেফারেল পেয়েছে তাদের পরিবার বা বন্ধুদের সাথে ("আশ্রয়দাতা") থাকাকালীন তাদের নিজের বাসা খুঁজে নিতে সক্ষম করে। আশ্রয়দাতার বাসায় গ্রাহক যতদিন থাকবে ততদিন সিটি কর্তৃপক্ষ তাকে মাসিক পেমেন্ট করবে।

2. **আমি কিভাবে পাথওয়ে হোমে আবেদন করব?**
   আপনার কেস ম্যানেজার অথবা হাউজিং বিশেষজ্ঞের সঙ্গে একটি আবেদন পাওয়ার জন্য কথা বলুন।

3. **আমি নগদ সহায়তার জন্য যোগ্য নই। আমি কি পাথওয়ে হোমের জন্য আবেদন করতে পারব?**
   আপনার পরিবারের কেউ নগদ সহায়তা পেলে আপনি **পাথওয়ে হোম** এর জন্য আবেদন করতে পারেন? আপনার পরিবারের নগদ সহায়তার ভিত্তিতে আপনার আশ্রয়দাতা পরিবার মাসিক পেমেন্ট পাবে।

4. **আমার কাছে আগে থেকেই যদি একটি LINC ভাউচার থেকে থাকে অথবা CITYFEPS বা SEPS এর রেফারেল থাকে তাহলে কি হবে? আমি কি পাথওয়ে হোম এর জন্য আবেদন করতে পারব না আমার ভাউচার নষ্ট হবে?**
   যদি আপনি বর্তমানে LINC, CITYFEPS বা SEPS এর জন্য যোগ্য হন তাহলে পাথওয়ে হোমে থাকাকালীন যতদিন আপনি প্রোগ্রামের যোগ্যতার মাপকাঠি পূরণ করবেন ততদিন আপনি সিটি রেন্টাল অ্যাসিস্ট্যান্সের মাধ্যমে নিজের অ্যাপার্টমেন্টে যাওয়ার যোগ্যতা হারাবেন না। একবার আপনি কোনো অ্যাপার্টমেন্ট খুঁজে পেলে HOMEBASE-এর সাথে একটি অ্যাপয়েন্টমেন্ট স্থির করুন এবং এর কর্মীরা আপনার যোগ্যতা যাচাই করবে এবং আপনার নিজের অ্যাপার্টমেন্টে স্থানান্তরণের জন্য প্রয়োজনীয় কাগজপত্র প্রস্তুত করতে আপনাকে সাহায্য করবেন।

5. **আমার কাছে LINC, CITYFEPS বা SEPS নেই। আমি কি পাথওয়ে হোমের জন্য আবেদন করতে পারব?**
   হ্যাঁ। আশ্রয় শিবিরে কমপক্ষে 90 দিন থেকেছে এমন যে কেউ পাথওয়ে হোমের জন্য আবেদন করতে পারবে।

6. **পাথওয়ে হোমে থাকতে গেলে গ্রাহক কে কি পরিমাণ অর্থ দিতে হবে?**
   গ্রাহকের পক্ষ থেকে কিছু করতে হবে না। যদি আপনি কোনো প্রোগ্রামের আওতায় থাকেন তাহলে যখন আপনি আপনার নিজের অ্যাপার্টমেন্ট খুঁজে পাবেন তখন আপনি আপনার মাসিক পেমেন্ট সম্পর্কে বিজ্ঞপ্তি পাবেন।

7. **পাথওয়ে হোমের সঙ্গে কি কোনো অর্থ পাব?**
   আপনি এবং আপনার আশ্রয়দাতা উভয়ই একটি 500 ডলার মূল্যের উপহারের কার্ডপাবেন। এটি ছাড়াই আপনার আশ্রয়দাতা **আপনার** নগদ সহায়তা প্রাপ্ত পরিবারের আকারের উপর নির্ভর করে **এবং** আপনার আশ্রয়দাতা নগদ সহায়তা পায় কিনা তার উপর নির্ভর করে মাসিক পেমেন্ট পাবেন। 12 মাস ধরে অর্থ প্রদান করা হবে।

| আশ্রয়দাতার জন্য মাসিক পেমেন্ট - নগদ সহায়তা <u>পাচ্ছেন না</u> | | | |
|---|---|---|---|
| নগদ সহায়তা প্রাপ্ত পরিবারের আকার | 1 থেকে 2 জন ব্যক্তি | 3 থেকে 4 জন ব্যক্তি | 5 জন বা তার বেশি ব্যক্তি |
| মাসিক পেমেন্টের পরিমাণ | $1200 | $ 1500 | $ 1800 |

| আশ্রয়দাতাদের জন্য মাসিক পেমেন্ট - নগদ সহায়তা <u>পাচ্ছেন</u> |
|---|
| সিটি আশ্রয়দাতাকে আশ্রয়দানের জন্য ভাতা এবং মাসিক ভাড়ার বাধ্যবাধকতার মধ্যে পার্থক্যটি প্রদান করবে। এই পরিমাণ প্রতিটি আশ্রয়দাতা পরিবার বিশেষে উপরে তালিকাভুক্ত পরিমাণ অবধি পৃথক হবে। |

আপনার হোস্ট পরিবারের বাসিন্দা ভাড়া স্থিতিশীল অথবা ভাড়া নিয়ন্ত্রিত হলে আরও সীমাবদ্ধতা প্রযোজ্য হবে।

8. **আপনি কখন আমাদের উপহারের কার্ড পাবেন?**

যখন আপনি পাথওয়ে হোমের যোগ্যতামান পত্র পাবেন তখন আপনি HOMEBASE-এ একটি রেফারাল পাবেন। আপনি এবং আপনার আশ্রয়দাতাকে একটি HOMEBASE দফতরে অ্যাপয়েন্টমেন্ট নিতে হবে।

আপনাকে আপনার HOMEBASE অ্যাপয়েন্টমেন্টে নিম্নলিখিত নথিগুলি নিয়ে আসতে হবে:

a. পাথওয়ে হোম রেফারেল
b. প্রতিটি পরিবারের সদস্যকে শনাক্তকরণ
c. পরিবারের প্রতিটি কর্মরত সদস্যের জন্য আয়ের প্রমাণ (HOMEBASE অ্যাপয়েন্টমেন্টের 30 দিনের মধ্যে সাম্প্রতিক পে স্টাব)
d. আপনি SSI/SSD-এ থেকে থাকলে আপনার SSI/SSD পুরস্কারের পত্র নিয়ে আসুন (গত বছরের মধ্যে তারিখ সহ)।

আপনার আশ্রয়দাতাকে HOMEBASE অ্যাপয়েন্টমেন্টে নিম্নলিখিত নথিগুলি নিয়ে আসতে হবে:

a. সচিত্র পরিচয়পত্র
b. বাসস্থানের প্রমাণপত্র নিচের যেকোনো একটি:
    i. বর্তমানে ভাড়াটে ও বাড়িওয়ালা/পরিচালন অফিস দ্বারা তারিখ সহ স্বাক্ষরিত লিজ
    ii. প্রতিটি পক্ষ দ্বারা তারিখ সহ স্বাক্ষরিত ভোগদখলের চুক্তি
    iii. 3য় পক্ষের থেকে নোটারি করা চিঠি

আপনি এবং আপনার আশ্রয়দাতা উপযুক্ত নথি জমা দেওয়ার পরে প্রত্যেকে একটি 500 ডলারের উপহারের কার্ড পাবেন। আপনার কাছে তালিকাবদ্ধ নথির সবকটি না থাকলে তবুও HOMEBASE আপনার সাথে সাক্ষাৎ করবে এবং সেগুলি পেতে আপনাকে সাহায্য করবে।

9. **আমার আশ্রয়দাতাকে কত ঘন পেমেন্ট করা হবে?**

12 মাস পর্যন্ত যতদিন আপনি সেখানে থাকবেন সিটি আপনার আশ্রয়দাতাকে মাসিক পেমেন্ট করবে। আপনি অথবা আপনার আশ্রয়দাতার আপনি আশ্রয় শিবির ছেড়ে যাওয়ার পরে অর্থ প্রদান সম্পর্কিত কোনো প্রশ্ন থেকে থাকলে (929) 221-0043-এ কল করুন।

10. **পাথওয়ে হোম ছেড়ে যাওয়া গ্রাহকদের জন্য কি HRA ফার্নিচার ভাতা উপলব্ধ আছে?**
    না, আপনি ফার্নিচার বাবদ কোনো ভাতা পাবেন না।

11. **পাথওয়ে হোম প্রোগ্রামটির স্থিতিকাল কত দিন?**
    সিটি আপনার আশ্রয়দাতাকে 12 মাস অবধি অর্থ প্রদান করতে পারে। এই 12 মাসের সময়কালে আপনার নিজের অ্যাপার্টমেন্টে যাওয়ার লক্ষ্যে আবাসন অনুসন্ধান শুরু করা উচিত।

12. **12 মাস পরেও আমি কোনো অ্যাপার্টমেন্ট খুঁজে না পেলে কি হবে?**
    আপনি 12 মাসের মধ্যে কোনো অ্যাপার্টমেন্ট খুঁজে না পেলে আপনি আপনার আবাসনের বিকল্পের মূল্যায়ন করতে HOMEBASE-এ অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে পারেন।

13. **আমার বন্ধু পাঁচটি বরোর কোনো একটিতেও থাকে না তবে সে জানিয়েছে আমার ছেলে এবং আমি তার কাছে গিয়ে থাকতে পারব। আমি কি পাথওয়ে হোমে যেতে পারি এবং সিটিতে কোনো LINC, CITYFEPS বা SEPS অ্যাপার্টমেন্ট অনুসন্ধান করা চালিয়ে যেতে পারি?**
    না। পাঁচ বরোর বাইরে পাথওয়ে হোম ব্যবহার করা যাবে না। তবে, আপনি যদি পাঁচ বরোর বাইরে থাকার কোনো সম্ভাব্য জায়গা পান তাহলে আমাদের জানান তাহলে সেখানে কোনো সহায়তা প্রদান করা যায় কিনা তা আমরা দেখব।

<u>আশ্রয়দাতা পরিবার সম্পর্কিত প্রশ্নাবলী</u>

14. **কোনো পরিদর্শনের প্রয়োজন হবে কি?**
    হ্যাঁ, DHS জীবন সুরক্ষার এবং আশ্রয়দাতা পরিবারের বাসস্থানে খুব বেশি লোকজন থাকে কিনা তার পরিদর্শন চালাবে। DHS পরিদর্শনকারীরা জানালা কাজ করে এবং অবস্থা ভালো কিনা, পানি/জল পরিষ্কার গরম ও ঠান্ডা কিনা, তার বের হয়ে আছে কিনা, ধোঁয়া ও কার্বন মনো-অক্সাইড ডিটেক্টর সঠিকভাবে লাগানো ও কাজ করে কিনা এবং যেখানে প্রয়োজন সেখানে (বাচ্চা আছে এমন পরিবারবর্গের জন্য) জানালায় গার্ড দেয়া আছে কিনা তা সহ নির্দিষ্ট আবশ্যকতা পূরণ হয়েছে কিনা নির্ধারণ করতে কোনো অ্যাপার্টমেন্ট পর্যালোচনা করবে। আশ্রয়দাতার পরিবারের বাসস্থানে অতিরিক্ত লোকজন আছে কিনা দেখার কারণ হল এই যে যখন DHS গ্রাহক সেখানে থাকতে আসবেন তখন বাসস্থানটি যেন অতিরিক্ত ভীড় না হয়ে যায়। আশ্রয়দাতা পরিবারের বাসস্থানে কতজন লোক থাকে, তাদের বয়স ও লিঙ্গ ও ঘুমানোর বন্দোবস্ত মূল্যায়ন করা হয়।

15. **আশ্রয়দাতাকে কেন IRS W-9 ফর্ম পূরণ করতে হবে এবং এর উপলক্ষ কি?**
    আশ্রয়দাতাকে অবশ্যই একটি পূরণ করা IRS W-9 ফর্ম জমা দিতে হবে কারণ পাথওয়ে হোমের মাসিক পেমেন্ট সরাসরি আশ্রয়দাতার কাছে যাবে এবং করযোগ্য আয় হিসাবে বিবেচিত হয়।

16. **কোনো আশ্রয়দাতা কি সামাজিক সুরক্ষা নম্বর বা ব্যক্তিগত কর শনাক্তকরণ নম্বর ছাড়াই পাথওয়ে হোমে অংশ নিতে পারবে?**
    না। পাথওয়ে হোমের জন্য সামাজিক সুরক্ষা নম্বর বা ব্যক্তিগত কর শনাক্তকরণ নম্বর প্রদানের শর্তে একটি IRS W-9 ফর্ম পূরণ করা আবশ্যক। সাধারণত কোনো আশ্রয়দাতা যার সামাজিক সুরক্ষা নম্বর বা ব্যক্তিগত কর শনাক্তকরণ নম্বর নেই তিনি প্রোগ্রামটির জন্য অনুমোদিত নন।

17. **আশ্রয়দাতা পরিবারের সমস্ত প্রাপ্তবয়স্ক সদস্যের কেন একটি ACS ছাড়পত্র বা যৌন অপরাধ নিবন্ধন পরীক্ষা প্রয়োজন?**

    এটি কেবলমাত্র বাচ্চা আছে এমন পরিবার বর্গের জন্য প্রযোজ্য। DHS-এর কাছে পরিবারবর্গ এবং তাদের বাচ্চাদের নিরাপত্তা গুরুত্বপূর্ণ এবং তারা আশ্রয়দাতা পরিবারের সমস্ত প্রাপ্তবয়স্কের লিখিত সম্মতি এবং যৌন অপরাধের নিবন্ধ পরীক্ষাক্রমে একটি ACS ছাড়পত্রের আয়োজন করবে। আশ্রয়দাতা ACS ছাড়পত্রের ফলস্বরূপ কোনো মুক্ত ACS কেসের প্রাপ্তির বিবেচনাধীন হবে না। এই ক্লিয়ারেন্সগুলি DHSকে আশ্রয়দাতা পরিবারের বাসাটি নিরাপদ এবং উপযুক্ত কিনা তা নির্ধারণ করতে সাহায করবে।

18. **আশ্রয়দাতা পরিবারের কোনো সদস্য কোনো ACS ছাড়পত্র বা যৌন অপরাধের পরীক্ষায় সম্মতি না দিলে কী হবে?**

    এইসব টিক কেবলমাত্র বাচ্চা আছে এমন পরিবারবর্গের জন্য প্রযোজ্য। যৌন অপরাধের নিবন্ধন হল সরকারি রেকর্ড এবং এতে কোনো ব্যক্তির সম্মতির প্রয়োজন নেই। তবে আশ্রয়দাতা পরিবারের 18 বছর এবং তদুর্ধ্ব সমস্ত সদস্যের ACS ছাড়পত্রের জন্য সম্মতি ছাড়াই (এবং 18 বছরের কম অপ্রাপ্তবয়স্কদের পক্ষে) আশ্রয়দাতা পরিবার পাথওয়ে হোমে অংশ নিতে পারবে না।

19. **ভর্তুকিযুক্ত অ্যাপার্টমেন্ট রয়েছে এমন কোনো আশ্রয়দাতা পরিবারের কাছে আশ্রয় গ্রহণের জন্য পাথওয়ে হোম ব্যবহার করা যেতে পারে?**

    অনুগ্রহ করে আপনার সম্ভাব্য আশ্রয়দাতা কোন ভর্তুকি পাচ্ছেন তা আমাদের জানান। ভর্তুকির সাথে পাথওয়ে হোম সুসঙ্গত কিনা তা আমরা যাচাই করব।

20. **আমার একজন বন্ধু রয়েছে, সে তার অ্যাপার্টমেন্টে আমাকে ভাড়ার বিনিময়ে থাকতে দিতে ইচ্ছুক। এটি কি অনুমোদিত?**

    না, আশ্রয়দাতাকে পাথওয়ে হোমের পক্ষে যোগ্য আবাস হবে সেই আবাসনে অবশ্যই বাস করতে হবে।